

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৭৩৯  
খোয়াই, ২০ নভেম্বর, ২০২৩

### খোয়াইয়ে যুব উৎসব অনুষ্ঠিত

যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর ও মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে সম্প্রতি খোয়াই পুরাতন টাউন হলে পুর পরিষদ, খোয়াই ব্লক, তুলাশিখর ব্লক ও পদাবিল ব্লক ভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয়। ব্লক ও পুর পরিষদ ভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করে খোয়াই জিলা পরিষদের কর্ম বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুব্রত মজুমদার বলেন, এই যুব উৎসবে যুবক ও যুবতীদের নিজেদের প্রতিভা তুলে ধরার পাশাপাশি তাদেরকে নেশার বিরুদ্ধে সকলকে সচেতন করতে হবে। এছাড়া বক্তব্য রাখেন খোয়াই পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি পীযুষ কান্তি চৌধুরী। উপস্থিত ছিলেন জেলা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য দীপঙ্কর ভট্টাচার্য, জেলা ক্রীড়া আধিকারিক কমলেন্দু শীল, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের বরিষ্ঠ আধিকারিক বিশ্ণুজিৎ বণিক প্রমুখ। স্বাগত ভাষণ দেন খোয়াই মহকুমার মহকুমা শাসক বিজয় সিনহা। সভাপতিত্ব করেন খোয়াই পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা। যুব উৎসবে প্রতিযোগিতা বিভাগে বিভিন্ন ব্লক ও পুর এলাকার ৮টি দলের যুবক ও যুবতীগণ লোক সংগীত, লোক নৃত্য, একক সংগীত, একক নৃত্য ইত্যাদি ইভেন্ট অংশ গ্রহণ করে।

\*\*\*\*\*